

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮০৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূরা ফাতিহা পাঠ শেষ করার সময় আরেকটি বিরতি দেওয়া মুস্তাহাব হওয়া প্রসঙ্গে বর্ণনা

ذكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ أَنْ يَسْكُتَ سَكْتَةً أُخْرَى عِنْدَ فَرَاغِهِ مِنْ قِرَاءَةِ فَاتِحَةِ الْكِتَابِ

আরবী

1804 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا سَعِيدٌ عَنْ قَتَادَةَ عَنِ الْحَسَنِ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ قَالَ: سَكْتَتَانِ حَفِظْتُهُمَا عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لِعِمْرَانَ بْنِ حُصَيْنِ فَقَالَ: حَفِظْنَا سَكْتَةً وَكَبْنَا إِلَى أَبُيِ بْنِ كَعْبِ بِالْمَدِينَةِ فَكَتَبَ إِلَيَّ أَنَّ سَمُرَةَ قَدْ حَفِظَ قَالَ سَعِيدٌ: فَقُلْنَا لِقَتَادَةَ: فَكَتْبُنا إِلَى أَبِي بْنِ كَعْبِ بِالْمَدِينَةِ فَكَتَبَ إِلَيَّ أَنَّ سَمُرَةَ قَدْ حَفِظَ قَالَ سَعِيدٌ: فَقُلْنَا لِقَتَادَةَ: وَمَا هَاتَانِ السَّكْتَتَانِ؟ قَالَ: إِذَا دَخَلَ في صلاته وإذا فرغ من القراءة. الراوي : سَمُرَة بْن جُنْدُبٍ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1804 ا خلاصة حكم المحدث: ضعيف ـ ((المشكاة)) (818)، الصفحة أو الرقم: 1804 ا خلاصة حكم المحدث: ضعيف ـ ((المشكاة)) (818)، (ضعيف أبي داود)) (135 ـ 138).

حُصيَيْن هَذَا الْخَبَرَ وَاعْتِمَادُنَا فِيهِ عَلَى عِمْرَانَ دُونَ سَمُرَةً.

বাংলা

১৮০৪. সামুরা বিন জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে আমি দুটি বিরতি আয়ত্ব করেছি।" অধঃস্তন রাবী বলেন, "অতঃপর আমি হাদীসটি ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহুকে বললে, তিনি বলেন, "আমরা একটি বিরতি আয়ত্ব করেছি।"

অধঃস্তন রাবী বলেন, "অতঃপর আমরা মদীনায় উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে চিঠি লিখলাম। তিনি জবাবে লিখেন, "সামুরা ঠিকই আয়ত্ব করেছেন।"

সাঈদ রহিমাহুল্লাহ বলেন, "আমরা কাতাদাকে বললাম, "দুটি বিরতি কি কি?" জবাবে তিনি বলেন, "একটি হলো



যখন কোন ব্যক্তি সালাতে প্রবেশ করে আর আরেকটি হলো যখন কিরা'আত শেষ করে।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লা বলেন, "সামুরা বিন জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাসান কোন হাদীস শ্রবণ করেননি। তিনি এই হাদীসটি ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে শ্রবণ করেছেন। কাজেই এই হাদীসে আমাদের নির্ভরতার জায়গা হলেন ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু; সামূরা বিন জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু নন।"

ফুটনোট

[1] আবূ দাউদ: ৭৮০; তিরমিযী: ২৫১; সুনান বাইহাকী: ২/১৯৬; ইবনু মাজাহ: ৮৪৪; ইমাম বুখারী, জুযউল কিরাআত: ২৩ পৃষ্ঠা; তাবারানী: ৬৮৭৫; মুসনাদ আহমাদ: ৫/১১; দারাকুতনী: ১/৩৩৬; দারেমী: ১/২১৩; হাকিম: ১//২১৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবু দাউদ : ১৩৫, ১৩৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন